

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.১১.০০৭.২১ - ৯ ৬১২

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩১  
২৫ সেপ্টেম্বর ২০২৪


**বিষয়ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে নিয়োজনের ভূয়া নিয়োগ পত্র বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মরত শিক্ষা অফিসার জনাব রেহানা সুলতানা-এর নাম-স্বাক্ষর ব্যবহার করে ০৮.০৯.২০২৪ তারিখে ইস্যু দেখিয়ে দপ্তরী কাম প্রহরী পদে নিয়োগের অনুমতি প্রদানের বিষয়ে জারীকৃত একটি পত্র অধিদপ্তরের নজরে এসেছে। এ জাতীয় কোন পত্র অত্র অধিদপ্তর হতে ইস্যু করা হয়নি এবং শিক্ষা অফিসার জনাব রেহানা সুলতানা এই ভূয়া পত্রটির বিষয়ে লিখিতভাবে জানিয়েছেন।

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২১ আগস্ট ২০১৯ তারিখের ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১১১৬ নম্বর পরিপত্রে জারীকৃত নির্দেশনা মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে আউট সোসিং এর মাধ্যমে বিদ্যমান নীতিমালার আলোকে জনবল নিয়োগ কার্যক্রম পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত রয়েছে।

৩। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদে জনবল সংগ্রহের সংশোধিত নীতিমালা তারিখঃ ১৬.০৯.২০১৯ স্মারক নং- ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১২২৭ পরিপত্রকে চ্যালেঞ্জ করে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৯৩৪/২১১৯ দায়ের হয়। মহামান্য আদালত রুলনিশি-তে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম নৈশপ্রহরী পদে জনবল সংগ্রহের নীতিমালায় ০৫নং অনুচ্ছেদে বর্ণিত বাছাই কমিটির উপর স্থগিতাদেশ প্রদান করেছেন।

৪। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে শিক্ষা অফিসার জনাব রেহানা সুলতানা-এর নাম-স্বাক্ষর ব্যবহার করে ০৮.০৯.২০২৪ তারিখে ইস্যু দেখিয়ে জারীকৃত পত্রটি ভূয়া এবং দপ্তরী কাম প্রহরী পদে নিয়োজন কার্যক্রম এখনও স্থগিত আছে মর্মে অবহিত করা হলো।



মোহাম্মদ নজরুল ইসলাম

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন- ০২-৫৫০৭৪৯১৭

ই-মেইলঃ adgeneral@dpe@gmail.com

বিতরণঃ

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, (সকল বিভাগ)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
- ৩। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল), ..... উপজেলা, ..... জেলা।
- ৪। সংরক্ষণ নথি।